# ছড়া
# সংগ্রহ

# ছড়া
# সংগ্রহ

দুখু বাঙাল



অনিন্দ্য প্রকাশ

প্রথম প্রকাশ
মাঘ ১৪২৭ ফেব্রুয়ারি ২০২১
প্রকাশক
মোঃ আফজাল হোসেন
**অনিন্দ্য প্রকাশ**
৩৮/৪, পি. কে. রায় রোড, বাংলাবাজার, মান্নান মার্কেট (৩য় তলা), ঢাকা-১১০০
ফোন : ৪৭১১৭৯৬৪, ০১৯৭১৬৬৪৯৭০, ০১৭১১৬৬৪৯৭০
বর্ণবিন্যাস
আদিত্য কম্পিউটার
১৪২, হৃষিকেশ দাস রোড, সূত্রাপুর, ঢাকা-১১০০
মোবাইল : ০১৯৭১৬৬৪৯৭০
বানান সমন্বয়ক : রফিক জীবন
মোবাইল : ০১৯১২১৯৮০২৩

গ্রন্থস্বত্ব : ফাতেমা জোহরা

প্রচ্ছদ : ধ্রুব এষ
মুদ্রণ
অনিন্দ্য প্রিন্টিং প্রেস
৩০/১ক, হেমেন্দ্র দাস রোড, ঢাকা-১১০০
ফোন : ৯৫৯০৬১৬, ৯৫৭৩৭৬৯, ০১৭১১৬৬৪৯৭০

**মূল্য : ৫০০.০০ টাকা**

---

**Chhora Songroho : A Collection of Rhyme** by **Dukhu Bangal**
Published by Md. Afzal Hossain
**Anindya Prokash**
38/4, P. K. Roy Road, Banglabazar
Mannan Market (2nd Floor), Dhaka-1100
Phone : 47117964, 01971664970, 01711664970
e-mail : anindya.prokash@yahoo.com
First Published : February 2021
Price : 500.00
US $ 25
ISBN 978 984 95102 0 8

**ঘরে বসে অনিন্দ্য প্রকাশ-এর বই কিনতে ভিজিট করুন**
http://rokomari.com/anindyaprokash ফোনে অর্ডার করতে ১৬২৯৭
https://othoba.com ফোনে অর্ডার করতে ০৯৬১৩৮০০৮০০
http://boibazar.com/anindyaprokash ফোনে অর্ডার করতে ০৯৬১১২৬২০২০
http://bdshopay.com/anindyaprokash ফোনে অর্ডার করতে ০১৬২২৭৭৮৮৭৭
http://porua.com.bd/anindyaprokash ফোনে অর্ডার করতে ০১৮৫৭৭৭৭৪৮৪
http://journeybybook.com/anindyaprokash ফোনে অর্ডার করতে

সকল শিশুর প্রতি

# সূচিপত্র


**পায়রা নদীর পট**

অনন্য ধুমধাম ১১
আনন্দ ঝরঝর ১২
আয় আয় দেখে যা ১৩
আলোকঝরা দিন ১৪
আলোর সমুদ্দুর ১৫
আহা বাপ! আহা চাচা! ১৬
এই শরৎ আর ঐ শরতে ১৭
একটা কিছু হোক ১৮
কেঁদে ওঠে টা-টা বন ১৯
গন্ধ শুঁকি মা'র ২০
গল্পে গরু গাছের ডালে ২১
ঘুড়ির মেলায় ২২
চাই যে কেয়াফুল ২৩
ছড়া আমার ২৪
ডায়র ঢল ২৫
তামাম রাজ্যটাই ২৬
তোমার জন্য সব ২৭
দুইটি সমুদ্দুর ২৮
দুইটা পাগল ২৯
দূর হয়ে যা ৩০
ধন্য বিজয়পুর ৩১
ধন্য হাজারবার ৩২
ধাইরা ফুলের রিং ৩৩
পরির রথে ৩৪
পাখির কলরব ৩৫
পায়রা নদীর পট ৩৬
পিচ্চি না তো রাক্ষুসে সব ৩৭
পিতৃভূমির ধুল ৩৮
পুতুলখালির চর ৩৯
ফুলে ফুলে ভুলি যেন ৪০
বর্ণপরিচয় ৪১
বন্ধুবিহীন জীবন যেমন ৪২
বাংলা-প্রাচীর ৪৩

৪৭ বৃষ্টি— ১৪২১
৪৮ বৈশাখে
৪৯ ভালোবাসার রোদ
৫০ ভুল কোরো না চিনে নিতে
৫১ ভেলায় ভেসে নিরুদ্দেশে
৫২ ভোরের আগে ভোর
৫৩ মদনের দাদা
৫৪ মা-জননীর কায়া
৫৫ মায়ের পায়ের ধুল
৫৬ মায়ের মুখের ছবি
৫৭ মালালার হাসি
৫৮ রোজামণির জন্য ছড়া
৫৯ লক্ষ সোনার খনি
৬০ লজ্জাবতীর বিয়ে
৬১ শিশিরভেজা মুখ
৬২ সামান্য কবি-ই
৬৩ সাহস সাহস ঢেউ
৬৪ সেই মেয়েটি সেই মেয়েটি
৬৫ সোনাকুঁড়ের দই
৬৬ স্বদেশের কাকটা

**একাত্তর ও সপ্তম নৌবহর**

৬৯ অজানার দেশ
৭০ অনেক শাড়ি
৭১ আচ্ছা মহাবীর
৭২ একাত্তর ও সপ্তম নৌবহর
৭৩ এদের হাতে
৭৫ এসো তুমি
৭৬ কত কিছুর বিনিময়ে
৭৭ কালবৈশাখি
৭৮ জন্মভূমি
৭৯ জাতির পিতার লাশ
৮০ তিতুমীরের লড়াই করি
৮১ দালালের যম
৮২ পড় বেশ বেশ





বাবা ৪৪
বাঘের মাসি ৪৫
বিশ্বকাপ— ২০১৪ ৪৬
বিজয় এলো ৮৮
বীর বাঙালির সামনে চলা ৮৯
বৃষ্টি নাচে টিনের চালে ৯০
মহারাজ ৯১
মওলানা ভাসানী ৯২
মাকে যত ভয় ৯৩
মাথায় হুলিয়া ৯৪
মুক্তিসেনা ৯৭
মেজর জলিল ৯৮
রহিমউল্লাহ বীর ৯৯
লুকিয়ে রাখি মধুর চাকে ১০০
শহিদবেদি ১০১
শাবাশ ছেলে ১০২
শুদ্ধ মুসলমান ১০৩
সাইক্লোন— ১৯৭০ ১০৪
সোঁদরবনের বাঘ ১০৫
সোনার ঘটের চাবি ১০৬
সোনালি হাত ধরে ১০৭
স্বপ্ন সুপ্রভাত ১০৮
স্বাধীন বাংলা ১০৯
হবো আকাশটাই ১১০


**অগ্রন্থিত**

অনেক সাধের ভোর ১১৩
অনেক দূরের যাত্রী ১১৫
আকাশজোড়া খাম ১১৬
একটি সরল পদ্য ১১৭
একফালি রূপচাঁদ ১১৮
এমন সোনার দেশ ১১৯
কথা ১২০
কারেন্ট মেহমান ১২১
কুস্তি দেখে সবাই বলে ১২২
কোড়ার ডাক ১২৩
খুদে পটুলাল ১২৪
ঘুঘুর কান্না ২২৫

৮৩ পাকিস্তানি গানবোট ও বাঁশের লাঠি
৮৫ প্রাণের ভাষা তার
৮৬ বাংলাফুল
৮৭ বাংলা মায়ের জালে
১২৬ চারটি ছড়া
১২৭ চিরজ্যোতির্ময়
১২৮ ছন্দ সুরে গাওয়া
১২৯ জাতির পিতার জন্মদিনে
১৩০ ডিজিটাল চ্যাংড়া
১৩১ ঝোড়ের ঘুঘু
১৩২ নানা
১৩৩ নাম বলো নাম
১৩৪ নামের বাহার চায়
১৩৫ পথভুলো পরি
১৩৬ পিউ কাঁহা পিউ
১৩৭ পিঁপড়ে ও কুমির
১৩৮ ফাজিলপুরের গল্প
১৩৯ ফুল হয়ে সোনামণি
১৪০ বঙ্গবন্ধু
১৪১ বনফুলের হাসি
১৪২ বাংলাদেশের নাম
১৪৩ বাংলা মায়ের জন্য
১৪৪ বাদুড় মহারাজ
১৪৫ বাঁদর ও হুতুমপেঁচা
১৪৬ ব্যাঙের ছাতা
১৪৭ বৃষ্টির পালা
১৪৮ ভাই হারানোর ব্যথা
১৪৯ ভাটির বাহার
১৫০ ভূত কই
১৫১ মা
১৫২ মা-মণির ঘাড়ে বসে
১৫৩ মাকে নিয়ে তিনটি ছড়া
১৫৪ মায়ের আদর
১৫৫ মায়ের গলার হার
১৫৬ রাখাল দাশের বাঁশি
১৫৭ সোনার দেশ

১৫৮ হায়রে সোনা নব্যরে
১৫৯ হ্যামিলনের বাঁশি





**পায়রা নদীর পট**
দুখু বাঙাল
প্রকাশকাল : ফেব্রুয়ারি ২০১৫
প্রচ্ছদ : ধ্রুব এষ, মূল্য : ১২০ টাকা
ISBN : 978 984 91222 8 9



## অনন্য ধুমধাম

আবার তুমি আসবে ধরায় এসে গেলে ফের
সদলবলে ঢাক পিটিয়ে দুরন্ত একসের।

সঙ্গে তোমার দমকা বায়ু মেঘ বৃষ্টি ঝড়
কোন ভুলে যে উড়িয়ে নিলে ঝন্টু চাচার ঘর।

বিজলি মেয়ের করাত-হাসি অথই নদী জল
খালেবিলে পথভুলো সব বানভাসানো ঢল।

শামুক ছড়ায় ভাতরঙা ডিম জলে ডোবা মোষ
নাক উঁচিয়ে নিয়াশ ছাড়ে সত্যি মহিতোষ।

দাদি মায়ের অসংখ্য নাত ছোট-বড় আম
হল্লা করে কুড়ায় যত— অনন্য ধুমধাম।

১৪ মার্চ ১৯৮৭

## আনন্দ ঝরঝর

কোথায় ছিলাম একলা কেমন
ওসব কথায় ঘোর
তোমার চোখের হাসির ঝিলিক
সকালবেলার ভোর।

তোমার আসন গাছের বাকলে আমি এঁকে যাই অ আ
পুণ্য জগৎময়
মায়ের ছেলের যুদ্ধ জয়ের
নেই যে কোনো ভয়।

এই পৃথিবীর কোথায় আছে
তোমার সমান নদী
স্নেহের ধারায় আমার হৃদয়
জুড়ায় নিরবধি।

তোমার হস্তে দিলাম মা আজ
জগৎ-শাসন ভার
ফুল পাপিয়ায় যায় ঝরে যায়
আনন্দ ঝরঝর।

১১ নভেম্বর ১৯৮৫



## আয় আয় দেখে যা

ভালোবেসে নাম লিখি বালুচরে বাংলায়
কচি লাউয়ে নাম লিখি উঠোনের জাংলায়।

পিতলের পটে লিখি প্রতিদিন নাম যার
সে আমার জননীর মধুনাম, নাম তার।

গাছের বাকলে আমি এঁকে যাই অ আ
আকাশের তারাগুলো আয় আয় দেখে যা।

হৃদপাতে লেখা দেখো ছায়াঘন প্রিয়ধাম
পৃথিবীতে কে আছে দিতে পারে ঠিক দাম!

কাগুজে টাকার নোটে নাম লিখি প্রিয়নাম
সে আমার বাংলার— বাংলার শতনাম।

১ জানুয়ারি ১৯৮১

## আলোকঝরা দিন
(বেগম রোকেয়া স্মরণে)

তোমার সাথি তুমি ছিলে আর ছিল না কেউ
অন্ধকারে একা তুমি বৈরী হাওয়ার ঢেউ।

মনের মাঝে স্বদেশ সাজে— জাগে হাহাকার
হাঁটিহাঁটি পা পা যেমন তোমার পারাপার।

কিন্তু তোমার শ্রম কিংবা অদম্য সাধন
ফেলল ছিঁড়ে বঙ্গনারীর অসংখ্য বাঁধন।

অধীন দেশে নারী ছিল আরও পরাধীন
তাদের হাতে তুলে দিলে আলোকঝরা দিন।

এক আলোতে অনেক আলো-আলো অবিরাম
সোনার পাতে লেখা তুমি— পুণ্য কেয়াধাম।

৯ ডিসেম্বর ২০০৯



## আলোর সমুদ্দুর

বর্ষা তো নয় জলদস্যু বিদায় নেবার পর
কাশফুলের আলতো ছোঁয়ায় জাগে চরাচর।

শাপলা শালুক পানিকুলা বড়নখার হাসি
সবুজ মাঠের ওধারে কে বাজায় উতাল বাঁশি!

নীল আকাশে তৃণ খোঁজে সাদা ভেড়ার দল
দুর্গা দেবীর চোখের কোনায় আশীর্বাদের জল।

দোয়েল শ্যামা ফিঙে সকল নেচে গেয়ে চুর
প্রজাপতির পাখায় ঢলে আলোর সমুদ্দুর।

মুক্ত আকাশ মুক্ত বাতাস মুক্ত সোনাভোর
আজানধ্বনির আহ্বানে যায় খুলে যায় দোর।

জুলাই ১৯৭৮

## আহা বাপ! আহা চাচা!

আমার হাতে দিলে তুমি বিষমাখা সব আম
মায়ের দুধে শুদ্ধ আমার মুখ
কোথায় পাব মাছি ঘেরা লিচু কুল আর জাম
পাষাণ চাচার কাঁপল না ঐ বুক!

আমায় তুমি এনে দিলে অশুদ্ধ সব জল
জ্বরে দিলে নকল যত পিল
ফুলকুঁড়িরা ঝিমোয় শুধু কই সে খুশির ঢল
বাবার আমার নিঠুর কত দিল!

আমায় তুমি খেতে দিলে ভেজাল তেলে-রুটি
ভুল বানানে পড়তে দিলে বই
শুদ্ধ-সতেজ মা-ই শুধু মা-ই সবল খুঁটি
চারদিকে সব ভেজালে থইথই।

৭ জুন ২০১৩